

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪০৪ ৪/ আন্তরিক কর্মাবলী পরিচ্ছেদঃ ইবাদতে মধ্যমপন্থা অবলম্বন

## আরবী

عَنْ أَنَسِ بْنِ مَالِكِ قَالَ: غَدَا أَصِحَابُ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ يَوْمٍ فَقَالُوا: يَا رَسُولَ اللَّهِ هَلَكْنَا وَرَبِّ الْكَعْبَةِ فَقَالَ: «وَمَا ذَاكَ؟» قَالُوا: النِّفَاقُ النِّفَاقُ النِّفَاقُ. قَالَ: «أَلَسْتُمْ تَشْهَدُونَ أَنْ لَا إِلٰهَ إِلَّهَ إِلَّا اللَّهُ وَحْدُهُ لَا شَرِيكَ لَهُ، وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ؟» قَالُوا: بَلَى. قَالَ: «لَيْسَ ذَاكَ النِّفَاقَ». قَالَ: ثُمَّ عَادُوا التَّانِيَةَ فَقَالُوا: يَا رَسُولَ اللَّهِ هَلَكْنَا وَرَبِّ الْكَعْبَةِ. قَالَ: «أَلَسْتُمْ تَشْهَدُونَ أَنْ لَا إِلٰهَ إِلَّا اللَّهُ وَرَسُولُهُ؟» قَالُوا: النِّفَاقُ النِّفَاقُ. قَالَ: «أَلَسْتُمْ تَشْهَدُونَ أَنْ لَا إِلٰهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ؟» قَالُوا: بلَنَى. قَالَ: «لَيْسَ ذَاكَ النِفَاقَ». قَالَ: ثُمَّ عَادُوا النِّفَاقُ. قَالَ: «وَمَا ذَاكَ؟». قَالُوا: النِفَاقُ. قَالَ: «لَيْسَ ذَاكَ النِفَاقَ». قَالَ: ثُمَّ عَادُوا النَّفَاقُ. قَالَ: «وَمَا ذَاكَ؟». قَالُوا: النِفَاقُ. قَالَ: «لَيْسَ ذَاكَ النِفَاقَ». قَالُوا: بلَكَ عَنُوا وَرَبِّ الْكَعْبَةِ، قَالَ: «وَمَا ذَاكَ؟». قَالُوا: النِفَاقُ. قَالَ: «لَيْسَ ذَاكَ النِفَاقَ». قَالُوا: بلَكَ اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ؟» قَالُوا: بلَكَ هَمَّتُنَا وَلَا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ؟» قَالُوا: بلَكَ. قَالَ: «لَيْسَ ذَاكَ النِفَاقَ». قَالُوا: بلَكَ هُمَّتْنَا وَلَا فَوَالَا اللَّهُ وَأَنَّ عَنْدَكَ كُنَّا عَلَى حَالٍ، وَإِذَا خَرَجْنَا مِنْ عِنْدِي تَكُونُونَ عَلَى الْمَالِئَكَةُ بِطُرُقِ الْمَدِينَةِ» إسناده صحيح

## বাংলা

(৪০৪) আনাস বিন মালিক (রাঃ) বলেন, একদা কিছু সাহাবা মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে উপস্থিত হয়ে বললেন, হে আল্লাহর রসূল! কা'বার রবের কসম! আমরা ধ্বংস হয়ে যাব। তিনি বললেন, তা কেন? তাঁরা বললেন, মুনাফিকীর আশঙ্কা হয়, মুনাফিকীর! তিনি বললেন, তোমরা কি সাক্ষ্য দাও না যে, আল্লাহ ছাড়া কেউ সত্য উপাস্য নেই এবং আমি তাঁর রসূল? তাঁরা বললেন, অবশ্যই। তিনি বললেন, এটা মুনাফিকী নয়।

অতঃপর তাঁরা দ্বিতীয়বার তাঁকে একই কথা বললেন, হে আল্লাহর রসূল! কা'বার রবের কসম! আমরা ধ্বংস হয়ে যাব। তিনি বললেন, তা কেন? তাঁরা বললেন, মুনাফিকীর আশক্ষা হয়, মুনাফিকীর! তিনি বললেন, তোমরা কি সাক্ষ্য দাও না যে, আল্লাহ ছাড়া কেউ সত্য উপাস্য নেই এবং আমি তাঁর রসূল? তাঁরা বললেন, অবশ্যই। তিনি বললেন, এটা মুনাফিকী নয়।



অতঃপর তাঁরা তৃতীয়বার তাঁকে একই কথা বললেন। তিনি বললেন, এটা মুনাফিকী নয়। তাঁরা বললেন, হে আল্লাহর রসূল! আমরা যখন আপনার কাছে থাকি, তখন এক অবস্থায় থাকি। আর যখন আপনার নিকট থেকে বের হয়ে যাই, তখন সংসার ও পরিবার আমাদেরকে ব্যস্ত করে তোলে। আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যখন তোমরা আমার নিকট থেকে বের হয়ে যাও, তখন যদি সেই অবস্থায় থাকতে, যে অবস্থাতে তোমরা আমার নিকটে থাক, তাহলে ফিরিশতাগণ মদীনার পথে তোমাদের সঙ্গে মুসাফাহ করতেন।

## ফুটনোট

(আবূ য়া'লা ৩৩০৪, সিলসিলাহ সহীহাহ ২২৩৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন